



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/গভ./২০২০/৩১৬৪

তারিখ ০২ ফাল্গুন ১৪২২
২২ ফেব্রুয়ারি ২০২২

(গ) এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

১. মাদরাসার নিজস্ব প্যাডে আবেদন (স্মারক, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখসহ অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক স্বাক্ষরিত);
২. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে সভাপতি (০৩ জন) ও বিদ্যোৎসাহী প্রতিনিধির (০৩ জন) নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশা ও সামাজিক কর্মকাণ্ড প্রস্তাব করতে হবে (সভাপতি হিসেবে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং বিদ্যোৎসাহী হিসেবে উপজেলা/জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হলে নির্ধারিত ফরমে ০১ জন করে প্রস্তাব দিতে হবে);
৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার এডহক কমিটির প্রস্তাবিত সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধির শিক্ষাগত যোগ্যতা ফাজিল/সমমান হতে হবে এবং প্রস্তাবনার প্রথম ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতার সর্বশেষ সনদ ও জাতীয় পরিচয় পত্রের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৪. প্রস্তাবিত সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধিবৃন্দের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;
৫. জ্যেষ্ঠতার ভিত্তিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করা হলে দায়িত্ব অর্পণের রেজুলেশন ও সভাপতি কর্তৃক আদেশের কপি, সর্বশেষ এমপিও কপি বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে;
৬. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা না থাকলে মামলা ও অভিযোগ নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;
৭. মাদরাসার অধ্যক্ষ/ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/ উপাধ্যক্ষ/ সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/ বিপক্ষে বিচারাধীন মামলা থাকলে মামলা সংক্রান্ত সকল কাগজপত্র দাখিল করতে হবে;
৮. এডহক কমিটি গঠনের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ লিখিত ব্যাখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে);
৯. বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বের গভর্নিং বডি/এডহক কমিটির অনুমোদন কপি (যদি থাকে);
১০. বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি/অধিভুক্তি নবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত আবেদনের কপি;
১১. বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অর্ডিন্যান্স অনুযায়ী কমিটি গঠন করতে হবে;

২২.০২.২০২২

(মোঃ রেজাউল হক)

রেজিস্ট্রার

মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১